

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৬৫

৮/ সাওম (রোজা) (ﷺ) পরিচ্ছেদঃ সারা বছর সাওম পালন করা।

باب مَا جَاءَ فِي صَوْم الدَّهْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَأَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ غَيْلاَنَ بْنِ جَرِيرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبَدٍ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ بِمَنْ صَامَ الدَّهْرَ قَالَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبِدٍ، عَنْ أَوْ " لَمْ يَصِهُمْ وَلَمْ يُفْطِرْ " . وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو " لَوَعَبْدِ اللَّهِ بْنِ الشِّخِيرِ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ وَأَبِي مُوسَى . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي وَعَمْرَانَ بْنِ حُصَيْنٍ وَأَبِي مُوسَى . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي وَعَمْرَانَ بْنِ حُصَيْنٍ وَأَبِي مُوسَى . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَبِي وَعَمْرَانَ بْنِ حُصَيْنٍ وَأَبِي مُوسَى . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَبِي وَقَالُوا إِنَّمَا يَكُونُ صَيِامُ الدَّهْرِ إِذَا لَمْ يُفْطِرْ يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ الأَصْحَى وَأَيَامِ التَّشْرِيقِ وَقَالُوا إِنَّمَا يَكُونُ صِيامُ الدَّهْرِ إِذَا لَمْ يُفْطِرْ يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ الأَصْحَى وَأَيَّامِ التَّشْرِيقِ وَقَالُوا إِنَّمَا يَكُونُ قَدْ حَرَجَ مِنْ حَدِّ الْكَرَاهِيَةِ وَلاَ يَكُونُ قَدْ صَامَ الدَّهْرَ كُلُهُ . هَكَذَا رُويَ عَنْ مَالِكَ بْنِ أَنَسٍ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ نَحْوًا مِنْ هَذَا وَقَالاَ لاَ يَحْبُ أَنْ يُفْطِرَ أَيَّامَ الثَّهْ مِلْ الْقَطْرِ وَيَوْمَ الْفَطْرِ وَيَوْمَ الْأَصْمُ عَيْ وَلَا التَّهُ عِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْهَا يَوْم الْفِطْرِ وَيَوْم الْأَصْمُ وَيَوْم الْأَصْمُ عَى وَأَيَّامَ التَّشْرِيقِ .

বাংলা

৭৬৫. কুতায়বা ও আহমাদ ইবনু আবদা (রহঃ) আবূ কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করা হলো, হে আল্লাহর রাসূল যে ব্যক্তি সারা বছর সাওম পালন করবে তার কেমন হবে? তিনি বললেন তার সাওম হলো না, ইফতারও হলো না। - ইরওয়া ৯৫২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৬৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর, আবদুল্লাহ ইবনু-শিখখীর, ইমরান ইবনু হুসাইন ও আবৃ মূসা (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, আবৃ কাতাদা (রাঃ) বর্ণিত হাদীসটি হাসান। আলিমগণের একদল সাওমুদ্দাহর অর্থ্যাৎ সারা বছর সাওম পালন করা মাকর বলে মনে করেন। তাঁরা বলেন, ঈদুল ফিতর, ঈদুল আযহা ও আইয়্যামে তাশরীকের দিনগুলোতে যদি কেউ সাওম পালন করে তবে তা হবে সাওমুদ্দাহার। এই



দিনগুলোতে যে সাওম পালন করবেনা সে উপরোক্ত নিষিদ্ধ সীমা থেকে বের হয়ে যাবে এবং সে সাওমুদ্দাহার পালনকারী রূপে গণ্য হবে না। ইমাম মালিক ইবনু আনাস (রহঃ) থেকে এই ধরণের অভিমত বর্ণিত আছে। ইমাম শাফেন্ট, আহমাদ ও ইসহাক (রহঃ) এরও বক্তব্য অনুরূপ। তাঁরা বলেন, ঈদুল ফিতর, ঈদুল আযহা এবং আইয়্যোমে তাশরীক এই যে পাঁচটি দিন সাওম পালন করতে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। সেই পাঁচটি দিন ছাড়া অন্য কোন দিনের সাওম পরিত্যাগ করা ওয়াজিব নয়।

English

Abu Qatadah said:

"It was said: 'O Messenger of Allah! What is the case of the one who fasts daily?' He said: 'He did not fast nor break (the fast).'" Or, he said: "He never fasted nor broke (his fast)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন